

উত্তরপত্র / লেকচার -১ (১৪.১০.২০)

*** শিক্ষার্থীবৃন্দ পাঠ্যবই থেকে গল্পটির ১ম অংশ (চারদিকে -----সোমপুর মহাবিহার) ভালোভাবে পড়বেন।

ক) এক বাক্যে উত্তর লিখ।

১. পাহাড়পুরে কী আছে?

উত্তর: পাহাড়পুরে আছে বৌদ্ধ বিহার।

২. বাংলাদেশের একটি সুপ্রাচীন বৌদ্ধ বিহারের নাম কী?

উত্তর: বাংলাদেশের একটি সুপ্রাচীন বৌদ্ধ বিহারের নাম পাহাড়পুর বৌদ্ধ বিহার।

৩. বৌদ্ধধর্মের অনুসারী ভিক্ষুকগণ কত বছর আগে একটি বিশেষ জায়গায় থাকতেন?

উত্তর: বৌদ্ধধর্মের অনুসারী ভিক্ষুকগণ প্রায় ১৪শ বছর আগে একটি বিশেষ জায়গায় থাকতেন।

৪. বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুকগণ বিশেষ জায়গায় থেকে কী করতেন?

উত্তর: বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুকগণ বিশেষ জায়গায় থেকে ধর্মচর্চা করতেন এবং শিষ্যদের ধর্ম শিক্ষা দিতেন।

৫. বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুকগণ যে বিশেষ জায়গায় থেকে ধর্মচর্চা করতেন তার নাম কী?

উত্তর: বৌদ্ধ ধর্মের অনুসারী ভিক্ষুকগণ যে বিশেষ জায়গায় থেকে ধর্মচর্চা করতেন তার নাম বিহার।

৬. কুমিল্লার কোথায় শালবন বিহার আছে?

উত্তর: কুমিল্লার ময়নামতিতে শালবন বিহার আছে।

৭. প্রাচীন এই পাহাড়পুর বিহার এক সময় কেমন থাকতো?

উত্তর: প্রাচীন এই পাহাড়পুর বিহার এক সময় খালি পড়ে থাকতো।

৮. অনেকে প্রাচীন পাহাড়পুর বিহার সম্পর্কে কী মনে করতেন?

উত্তর: অনেকে প্রাচীন পাহাড়পুর বিহার সম্পর্কে মনে করতেন যে যুগযুগ ধরে চারপাশ থেকে ধুলোবালি উড়ে এসে জমা হয়েছে এবং একসময় মাটির স্তরে এটি ঢাকা পড়ে পাহাড়ের আকার ধারণ করেছে।

৯. একসময় মাটির স্তরে ঢাকা পড়ে পাহাড়পুর বিহার কেমন হয়ে গিয়েছিল?

উত্তর: একসময় মাটির স্তরে ঢাকা পড়ে পাহাড়পুর বিহার পাহাড়ের আকৃতি ধারণ করেছিল।

১০. ১৮৭৯ সালে কে পাহাড়পুরে বিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন?

উত্তর: ১৮৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম পাহাড়পুরে বিশাল পুরাকীর্তি আবিষ্কার করেন।

১১. পাহাড়পুরের আরেকটি নাম কী?

উত্তর: পাহাড়পুরের আরেকটি নাম সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার।

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: পাহাড়পুর

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
বিহার	বৌদ্ধ মঠ	আবিষ্কার	উদ্ভাবন
সুপ্রাচীন	বহুকাল আগের/পুরনো	স্তম্ভ	টিবি, টিবির মতো বৌদ্ধদেও সমাধি
ভিক্ষু	বৌদ্ধদের মধ্যে যারা সংসার-ত্যাগী সন্নাসী	ধর্মচর্চা	ধর্ম বিষয়ে জ্ঞান লাভ ও অনুশীলন করা

গ) নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি কর।

ভিক্ষু, ধর্মচর্চা, আবিষ্কার, প্রাণকেন্দ্র।

**শিক্ষার্থীরা নিজেরা লিখবেন।